# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 30 April, 2025

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) পুকুরে ছাত্র-ছাত্রীদের একসঙ্গে গোসলের একটি ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ায় সমালোচনার সৃষ্টি হয়েছে।বিশ্ববিদ্যালয় প্রশাসন বলছে, বিষয়টি তাদের দৃষ্টিগোচর হয়েছে এবং এতে প্রতিষ্ঠানের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে।

বুধবার (৩০ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এ এফ এম আরিফুর রহমান সাক্ষাৎরিত বিজ্ঞপ্তিতে এমন তথ্য জানানো হয়।

ঘটনার প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, এ বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হবে।তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এ এফ এম আরিফুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সবাইকে সামাজিক মূল্যবোধ ও ধর্মীয় অনুশাসন মেনে চলার আহ্বান জানানো হয়েছে।একইসঙ্গে ভবিষ্যতে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি না ঘটাতে নির্দেশ দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, ‘নীল দিঘি’ নামে পরিচিত বিশ্ববিদ্যালয়ের পুকুরটিতে একসঙ্গে গোসল করার দৃশ্য সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।এতে শিক্ষার্থীসহ সাধারণ মানুষের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা দেয়।

বিশ্ববিদ্যালয় নোবিপ্রবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:39

URL: https://www.timestodaybd.com/campus/1631807592